বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অপ্রধান শস্য কর্মসূচি
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
Web: mcpmp.brdb.gov.bd

**নম্বর:** ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.০১.০০০১.২৬.৩২

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন ময়মনসিংহ জেলাধীন ত্রিশাল উপজেলার অপ্রধান শস্য কর্মসূচি'র  জানুয়ারি-২০২৬ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদনের তথ্যে দেখা যায়, উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ২৭.৫২ লক্ষ টাকা। অথচ জানুয়ারি ২০২৫ মাসের (ক্রমপুঞ্জিত বিতরণ: ৯৬.৬০) এবং জানুয়ারি ২০২৬ মাসের (ক্রমপুঞ্জিত আদায়: ৬০.৪৭) প্রতিবেদন পর্যালোচনায় এ মেয়াদউত্তীর্ণ খেলাপী কমপক্ষে (৯৬.৬০-৬০.৪৭=) ৩৬.১৩ লক্ষ টাকা (বেশি হতে পারে) ।  অর্থাৎ জানুয়ারি-২০২৬ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদনে উল্লেখ্য মেয়াদ উত্তীর্ণ খেলাপীর তথ্য সঠিক নয় মর্মে প্রতীয়মান। এহেন পরিস্থিতিতে, উপজেলার ঋণ ও সঞ্চয় কার্যক্রমসহ যাবতীয় আর্থিক কর্মকাণ্ড সরেজমিনে যাচাই একান্ত আবশ্যক। সার্বিক প্রেক্ষাপট বিবেচনায়, বিআরডিবি ময়মনসিংহ জেলাধীন ত্রিশাল উপজেলার অপ্রধান শস্য কর্মসূচি'র যাবতীয় আর্থিক কার্যক্রম সঠিকভাবে যাচাই/ তদন্ত করার নিমিত্ত নিম্ন উল্লেখ্য ২ (দুই) সদস্য বিশিষ্ট একটি যাচাই/ তদন্ত কমিটি গঠণ করা হলো:

<u>কমিটি:</u>

১। জনাব মোঃ আব্দুল খালেক, অপ্রধান শস্য বিশেষজ্ঞ, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: জামালপুর---------আহ্বায়ক।

২। জনাব জুয়েল মাহমুদ, শস্য উন্নয়ন কর্মকর্তা, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: ময়মনসিংহ-----------------সদস্য।

কমিটির কার্যপরিধি:


(১) কমিটি সংযুক্ত ছক-'ক' (সদস্যওয়ারী ডিটেইল লিস্ট) অনুসারে সরেজমিনে সদস্যদের বাড়িবাড়ি/ এলাকায় গমণপূর্বক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করবেন। এ কাজে সংশ্লিষ্ট ইউআরডিও কর্তৃক সকল দলের ঋণ বিতরণী সনদের কপি, সাপ্তাহিক/ মাসিক আদায় শীটের কপি এবং প্রয়োজনে ঋণ নথি/ দলের সংগঠনিক নথি তদন্ত কমিটিকে সরবরাহ করবেন।

(২) ছক-'ক' এর তথ্য সংগ্রহ শেষে কমিটি সংযুক্ত ছক-'খ' (দলভিত্তিক/সমিতিভিত্তিক ডিটেইল লিস্ট) প্রণয়ন করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা দপ্তরে সংরক্ষিত ঋণ খতিয়ান, সঞ্চয় খতিয়ান, ক্যাশবহি ও ব্যাংক স্টেটমেন্ট এর সঙ্গে উহা মিলকরণ করবেন। এ কাজে সংশ্লিষ্ট ইউআরডিও কর্তৃক উপজেলার ঋণ খতিয়ান, সঞ্চয় খতিয়ান, ক্যাশবহি এবং সংশ্লিষ্ট ব্যাংক স্টেটমেন্ট তদন্ত কমিটির নিকট উপস্থাপন/ সরবরাহ করবেন। কমিটি প্রয়োজনে উহার ফটোকপি সংশ্লিষ্ট প্রতিবেদনে সন্নিবেশিত করবেন।

(৩) ছক-'ক' এবং ছক-'খ' এর তথ্য যাচাই প্রেক্ষিতে উপজেলায় কোন হস্তমজুদ/ আত্মসাৎ বা ঋণ বিতরণে কোন অনিয়ম আছে কি না তা কমিটি কর্তৃক যাচাই করতে হবে। এ ধরণের কোন তথ্য উদঘাটিত হলে তার জন্য কে কে দায়ী এবং কতটুকু দায়ী তা কমিটি প্রতিবেদনে সন্নিবেশিত করবেন।

(৪) আগামী ১০ কার্যদিবসের মধ্যে বিনা ব্যর্থতায় এ যাচাই/ তদন্ত কার্যক্রম সম্পন্নপূর্বক প্রণীত প্রতিবেদন কর্মসূচী দপ্তরে দাখিল করতে হবে। উল্লেখ্য যে, এ তদন্ত কাজের বিপরীতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় টিএ/ ডিএ এবং অন্যান্য ব্যয় কর্মসূচি হতে নির্বাহ করা হবে।

বিষয়টি অতীব জরুরি।



২২-০২-২০২৬
মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক
ফোন : ০২৫৫০১১৭৪৯
ইমেইল : pdmcpmp@brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.০১.০০০১.২৬.৩২/১ (৭)

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ময়ময়নসিংহ।
২। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জামালপুর।
৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ত্রিশাল, ময়মনসিংহ (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহের জন্য অনুরোধ জানানো হলো)।
৪। জনাব মোঃ আব্দুল খালেক, অপ্রধান শস্য বিশেষজ্ঞ, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: জামালপুর।
৫। জনাব জুয়েল মাহমুদ, শস্য উন্নয়ন কর্মকর্তা, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: ময়মনসিংহ।
৬। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড [পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত] এবং
৭। অফিস, নথি।



২২-০২-২০২৬
মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক